**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নব নির্বাচিত সদস্যগণ আগামী ২৭শে এপ্রিল শপথ গ্রহণ করবেন।**
**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গঙ্গা ভারতের সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যের এক গুরুত্বপূর্ণ প্রতীক।**
**(৩) উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামীকাল আগরতলায় আসছেন।**
**(৪) উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের তৃতীয় ম্যাচেও জয় পেয়েছে ত্রিপুরা।**

*****************************************

**TTAADC-Oath :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসি নব নির্বাচিত সদস্যগণ আগামী ২৭শে এপ্রিল শপথ গ্রহণ করবেন। ঐদিন বেলা ১১টায় খুমুলুং-স্থিত এডিসি'র কাউন্সিলিং ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত সদস্য সদস্যাদের শপথ বাক্য পাঠ করবেন আইন সচিব শংকরী দাস।

***************************

**Fisheries Aquaex :**

National Fisheries Development Board এর উত্তর-পূর্বাঞ্চল সেন্টারের উদ্যোগে আগামী ১২ ও ১৩ই জুন গুয়াহাটিতে দুই দিনের মৎস্য বিষয়ক প্রদর্শনী ও আলোচনাচক্রের আয়োজন করা হয়েছে। Aquaex North East, শীর্ষক এই প্রদর্শনী ও আলোচনাচক্রে অংশ নিতে ত্রিপুরার মৎস্যচাষী,

মৎস্য উতপাদক, বিনিয়োগকারীদের প্রতি আমন্ত্রণ জানানো হয়েছে। আজ আগরতলায় মৎস্য দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস এই সংবাদ জানান। তিনি বলেন, Aquaex North East, এ মৎস্য চাষ, মৎস্য উতপাদন বৃদ্ধি ও মৎস্য চাষে বিনিয়োগ আকৃষ্ট করা এবং মৎস্য চাষে আধুনিক কারিগরি সহায়তা নিয়ে মতবিনিময় করা হবে। সাংবাদিক সম্মেলনে, National Fisharies Development Board এর পরিচালন কমিটির সদস্য রজনীশ কুমার বলেন, ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলে মাছের ঘাটতি রয়েছে। আধুনিক প্রযুক্তির মাধ্যমে মাছ চাষ বৃদ্ধি সম্ভব। Aquaex North East-এ এসব বিষয়ে আলোচনা ও মতবিনিময়ের সুযোগ থাকবে। সাংবাদিক সম্মেলনে National Fisharies Development Board এর পরিচালন কমিটির আরও এক সদস্য অনুপ শর্মা বলেন, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা, প্রধানমন্ত্রী মৎস্য কিষাণ সমৃদ্ধি সহ-যোজনা প্রভৃতি যোজনার সার্থক রূপায়নে গুয়াহাটির Aquaex North East প্রদর্শনী ভূমিকা নেবে।

**************************

**TB Mukt Bharat :**

টিবি মুক্ত ভারত অভিযানের অঙ্গ হিসেবে টিবি রোগীদের চিহ্নিতকরণ ও চিকিৎসার ব্যবস্থা করার লক্ষ্যে সিপাহীজলা জেলার বিভিন্ন প্রান্তে চলছে টিবি রোগের সনাক্তকরণ শিবির। স্বাস্থ্য দপ্তরের আধিকারিক ব্রিজেস বিশ্বাস আজ জানিয়েছেন, টিবি সনাক্তকরণের লক্ষ্যে সিপাহীজলা জেলায় ইতিমধ্যে ১৪টি শিবিরের আয়োজন করা হয়েছে। এই অভিযানের অঙ্গ হিসেবে আশা, MPW সহ স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে সার্ভের কাজ করছেন। এই সার্ভে থেকে যেসমস্ত লোকজনদের টিবির প্রাথমিক উপসর্গ রয়েছে তাদের যক্ষা সনাক্তকরন শিবিরগুলিতে নিয়ে আসা হচ্ছে এবং প্রয়োজনীয় চিকিৎসা করা হচ্ছে।

***************************

**CMO-Unakoti :**

কৈলাসহর মহকুমার অধীনে হাম ও রুবেলা এবং এইচ.পি.ভি টিকাকরণ কর্মসূচির অগ্রগতি খতিয়ে দেখতে আজ ঊনকোটি সার্কিট হাউসে মহকুমাভিত্তিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। আজকের এই বৈঠকের মূল লক্ষ্য ছিল কৈলাসহর মহকুমার প্রতিটি প্রান্তে এম.আর এবং এইচ.পি.ভি টিকার ব্যাপ্তি নিশ্চিত করা। বিশেষ করে শিশুদের এমআর এবং ১৪ বছর বয়সী কিশোরীদের মধ্যে এইচ.পি.ভি টিকার গুরুত্ব পৌঁছে দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় পৌরহিত্য করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে পশ্চিমবঙ্গে গঙ্গা নদীতে নৌকা ভ্রমণ করেছেন। পরে নিজের সামাজিক মাধ্যমে তিনি বলেন, গঙ্গার পবিত্র জলধারা শুধু একটি নদী নয়, বরং তা সমগ্র সভ্যতার চিরন্তন চেতনাকে বহন করে চলেছে। তিনি আরও জানান, গঙ্গা ভারতের সাংস্কৃতিক ও আধ্যাত্মিক ঐতিহ্যের এক গুরুত্বপূর্ণ প্রতীক। উল্লেখ্য, এই সফরে প্রধানমন্ত্রী শ্রী মোদী গঙ্গা নদীর তীরে কর্মরত মাঝিদের সঙ্গে দেখা করে তাঁদের সঙ্গে কথা বলেন।

***************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় বিজেপি'র বড়দোয়ালী মন্ডল অফিসে দলীয় কার্যকর্তাদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন। আসন্ন পুর নির্বাচনকে সামনে রেখে সাংগঠনিক প্রস্তুতি, বুথভিত্তিক কর্মপরিকল্পনা এবং জনসংযোগ বাড়ানোর বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়।

************************

**MSME :**

কেন্দ্রীয় সরকারের অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্পোদ্যেগের বা MSME-র অধীনে RAMP-এর এক সচেতনতামূলক কর্মসূচি আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন কুমারঘাট মহকুমা বন আধিকারিক অমিত দত্ত। RAMP উদ্যোগের রাজ্যের কর্মকর্তা ড: বিপ্রদীপ পালিত বলেন, MSME ক্ষেত্রকে গতিশীল কাঠামোবদ্ধ, ক্ষেত্রভিত্তিক, ফলাফলমুখী করতে RAMP এক বড় মাধ্যম। এই কর্মসূচিতে শিল্পোদ্যোক্তাদের বিনামূল্যে "উদ্যম" রেজিষ্ট্রেশন করা হয়।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Secretary-Doner :**

উত্তর-পূর্ব উন্নয়ন মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু তিনদিনের রাজ্য সফরের উদ্দেশ্যে আগামীকাল আগরতলায় আসছেন। আগামীকাল দুপুরে আগরতলায় পৌঁছার পর চলে যাবেন উত্তর জেলার ধর্মনগরে। সেখানে ফুলবারুই-তে আগর চাষের গ্রাম পরিদর্শন করবেন। এরপর তিনি ঊনকোটি জেলায় ১টি

প্রকল্প পরিদর্শন করবেন। পরেরদিন ২৬শে এপ্রিল শ্রী জাজু আগরতলায় পি এম ডিভাইনের ১টি প্রকল্প পরিদর্শন করবেন ও সচিবালয়ে ১টি পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করবেন। পরে তিনি সিপাহীজলা অভয়ারণ্য, বিশ্রামগঞ্জে পি এম ডিভাইন প্রকল্প, নীরমহল, মাতাবাড়ি পরিদর্শন করবেন। ডোনার সচিব ঐদিনই মহারানী ব্যারেজ, ছবিমুড়া ও নারকেলকুঞ্জ পরিদর্শন করবেন।

**************************

**Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৩তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**************************

**Panchayati Raj Day :**

দেশের বিভিন্ন স্থানে আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হচ্ছে জাতীয় পঞ্চায়েতী রাজ দিবস। পঞ্চায়েতী ব্যবস্থাকে সম্মান জানিয়ে এবং কাজ আরো দৃঢ় করতে দিবসটি পালন শুরু হয়। সাম্প্রতিক বছরগুলিতে ই-গ্রামস্বরাজ, মেরি পঞ্চায়েত, পঞ্চায়েত নির্ণয়, অডিট অনলাইন, স্বামিত্ব এবং গ্রাম উর্জা স্বরাজের মতো ডিজিটাল উদ্যোগ স্থানীয় প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা ও কার্যকারিতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করেছে।

**************************

**Blood Donation Camp :**

খোয়াই জেলার জেলাশাসক কার্যালয়ে আজ এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন জেলা শাসক রজত পান্থ। শিবিরে জেলা প্রশাসনের ৫০ জন কর্মচারী স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************************

**Hit Stroke Care Centre-Gomati :**

গোমতী জেলা হাসপাতালে হিট স্ট্রোক কেয়ার সেন্টার চালু করা হয়েছে। হাসপাতালের সুপার ডা: কাজল দাস আজ এখবর জানিয়েছেন। তিনি জানান, Sun Stroke বা হিট স্ট্রোকে কোন রোগী আক্রান্ত হলে দ্রুত জেলা হাসপাতালে নিয়ে আসলে রোগীর দ্রুত চিকিৎসা করার সব রকম উদ্যোগ নেওয়া হয়েছে।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * * *

**Press Club :**

আগরতলা প্রেসক্লাবের পক্ষ থেকে রাজ্যের সাংবাদিকদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার জন্য রাজ্য পুলিশের মহানির্দেশকের কাছে দাবি জানানো হয়েছে। আগরতলা প্রেস ক্লাবের সভাপতি প্রণব সরকার সহ পরিচালন কমিটির পাঁচ সদস্যক প্রতিনিধি দল আজ পুলিশ মহা নির্দেশকের সঙ্গে সাক্ষাৎ করে এই দাবি জানান।

*******************************************

**Advisory-Iran :**

ভারতীয় নাগরিকদের বর্তমান সময়ে কোনো পথেই ইরানে না যাওয়ার পরামর্শ দিয়েছে তেহরানে অবস্থিত ভারতীয় দূতাবাস। এক নির্দেশিকায় দূতাবাস জানিয়েছে, বিশেষ প্রয়োজনে ভারতীয় নাগরিকরা দূতাবাসের সঙ্গে যোগাযোগ করে স্থলপথে ইরান ছাড়ার পরামর্শ দেওয়া হয়েছে।

*******************************************

**Northeastern Cricket :**

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতার গ্রুপের তৃতীয় ম্যাচেও জয় পেল ত্রিপুরা। আজ গুয়াহাটির জর্জ মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদল ১৭১ রানে সিকিমকে হারিয়ে দেয়। ফলে গ্রুপের তিন ম্যাচের সবকটিতে জয় পেলো রাজ্যদল। ফলে সেমিফাইনালে খেলার যোগ্যতা অর্জন করেছে রাজ্যদল।

***********************

**Womens T-20 Cricket :**

শান্তিরবাজার ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহিলা ক্রিকেট টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হয়েছে শান্তিরবাজারের দেশবন্ধু ক্লাব। আজ বাইখোড়া দ্বাদশ স্কুল মাঠে টুর্নামেন্টের ফাইনাল ম্যাচে বিজয়ী দল ২৩ রানে উত্তর তৈথমা হাইস্কুলকে পরাজিত করে।

***************************

**T-20 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় স্ফুলিঙ্গ ক্লাব ও জয়নগর ক্রিকেট ক্লাব সেমিফাইনালে উঠেছে। আজ আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত হয়। নরসিংগড়ের টিআইটি মাঠে দুটি খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ৩২ রানে ওল্ড প্লে সেন্টারকে এবং জয়নগর ক্রিকেট ক্লাব ৬ উইকেটে পোলস্টার ক্লাবকে পরাজিত করে।

**********************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় গরম ও আর্দ্রতা আরো বাড়বে বলে আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস।

**************************